

প্রকল্প পরিচালকের কার্যালয়

টেলিযোগাযোগ সুবিধা বঞ্চিত এলাকাসমূহে ব্রডব্যান্ড

কানেক্টিভিটি স্থাপন (কানেক্টেড বাংলাদেশ) প্রকল্প

বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

আইসিটি টাওয়ার, শেরেবাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭



**Bangladesh**  
Computer  
Council

ফোন: ০২-৫৫০০৬৯১১, E-mail: pd.connbd@bcc.gov.bd, Web Site: www.bcc.gov.bd

স্মারক নং- ৫৬.০১.০০০০.০৩৫.১১.০০৪(অংশ-১).১৮-১৩০২


তারিখঃ ২৯/১২/২০২০ খ্রিস্টাব্দ

### নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) কর্তৃক বাস্তবায়নাধীন “টেলিযোগাযোগ সুবিধা বঞ্চিত এলাকাসমূহে ব্রডব্যান্ড কানেক্টিভিটি স্থাপন (কানেক্টেড বাংলাদেশ)’ শীর্ষক প্রকল্পে নিম্নবর্ণিত শূন্যপদে শুধুমাত্র প্রকল্প চলাকালীন সময়ের জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রঃ নং	পদের নাম	পদের সংখ্যা	বয়স সীমা	জাতীয় বেতন স্কেল-২০১৫	যোগ্যতা ও অভিজ্ঞতা
০১	অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক	০১ টি	অনুর্ধ্ব ৩০ বছর	গ্রেড- ১৬ অনুযায়ী	১। স্নাতক ডিগ্রী। ২। বাংলা ও ইংরেজিতে কম্পিউটারে লেখার জ্ঞান থাকতে হবে। ৩। বাংলায় মিনিটে কমপক্ষে ২০ টি শব্দ ও ইংরেজিতে মিনিটে কমপক্ষে ২০ টি শব্দ টাইপিং স্পিড থাকতে হবে।

- সকল প্রার্থীকে অনলাইন <http://erecruitment.bcc.gov.bd> ওয়েব সাইটের মাধ্যমে আগামী ১৪/০১/২০২১ খ্রিস্টাব্দ রাত্রি ১১.৫৯ সময়ের মধ্যে আবেদন করতে হবে।
- নিয়োগের ক্ষেত্রে ১৪/০১/২০২১ খ্রিস্টাব্দ তারিখে প্রার্থীর বয়স অনুর্ধ্ব ৩০ বৎসর হতে হবে।
- প্রার্থীদের আবেদন ফি ১১২/- (একশত বারো) টাকা বিকাশ/নগদ/ DBBL Mobile Banking মাধ্যমে অনলাইনে আবেদন করতে হবে।
- লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের (ক) জাতীয় পরিচয়পত্র (খ) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র / প্রশংসাপত্রের মূলকপি (গ) চাকুরীতে প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র পরবর্তীতে মৌখিক পরীক্ষার সময় দাখিল করতে হবে। ক্রটিপূর্ণ/অসম্পূর্ণ/বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- পদটি অস্থায়ী ভাবে সংশ্লিষ্ট গ্রেডে শুধুমাত্র প্রকল্প চলাকালীন সময়ের জন্য নিয়োগ করা হবে।
- উপরে উল্লেখ করা হয়নি এরূপ ক্ষেত্রে সরকার কর্তৃক জারীকৃত অন্যান্য বিধি বিধান প্রযোজ্য হবে।



প্রকল্প পরিচালক

টেলিযোগাযোগ সুবিধা বঞ্চিত এলাকাসমূহে ব্রডব্যান্ড কানেক্টিভিটি  
স্থাপন (কানেক্টেড বাংলাদেশ) প্রকল্প